# খালেদা জিয়া শুধু দলের নয়, পুরো জাতির অভিভাবক: রিজভী



সংগৃহীত ছবি

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, দেশের গণতন্ত্র এখনো অনিশ্চয়তার আবরণে ঢেকে আছে, স্বাধীনতা ও সার্বভৌমত্বের ওপরও অব্যাহতভাবে নানা দিক থেকে হুমকি আসছে। এই সময়ে জাতীয় প্রেরণার কেন্দ্র হিসেবে খালেদা জিয়াকে আরও দীর্ঘদিন দেশের মানুষের পাশে পাওয়া দরকার বলে মন্তব্য করেন তিনি।

সোমবার (১ ডিসেম্বর) দুপুরে নয়াপল্টনে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সুস্থতা কামনায় আয়োজিত দোয়া মাহফিলে রিজভী বলেন, "খালেদা জিয়া শুধুমাত্র বিএনপির নেত্রী নন; তিনি পুরো জাতির অভিভাবক। তাই আজ এভারকেয়ার হাসপাতালে মানুষের ঢল প্রমাণ করে, দেশের স্বার্থে তার উপস্থিতি কতটা প্রয়োজন।"

তিনি আরও বলেন, খালেদা জিয়ার সুস্থতার জন্য দেশের মানুষ যেভাবে একসঙ্গে দোয়া করছেন, তা নজিরবিহীন। গণতন্ত্র ও জাতীয় স্বার্থ রক্ষায় তার আপসহীন অবস্থানের কারণেই দেশি-বিদেশি নানা চক্রান্তেও তাকে দুর্বল করা সম্ভব হয়নি

LENS ASIA